

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর (পিআইডি)



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

তথ্যবিবরণী

নম্বর: ১৯

পিআইডি, ময়মনসিংহের উদ্যোগে
বঙ্গবন্ধুর কর্মময় জীবনের ওপর স্থিরচিত্র প্রদর্শনী

ময়মনসিংহ (১৫ আগস্ট, ২০২৩খ্রি.)

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ পঁচাত্তরের ১৫ আগস্ট শাহাদাতবরণকারীদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাতে প্রতি বছরের মত এ বছরও আঞ্চলিক তথ্য অফিস, পিআইডি, ময়মনসিংহের আয়োজনে বঙ্গবন্ধুর কর্মময় জীবনের ওপর স্থিরচিত্র প্রদর্শনীর ব্যবস্থা করা হয়েছে।

আঞ্চলিক তথ্য অফিসের উপপ্রধান তথ্য অফিসার মোহাম্মদ ওমর ফারুক দেওয়ান দিবসটি উদ্‌যাপন উপলক্ষ্যে নগরীর টাউন হল চত্বরে এডভোকেট তারেক স্মৃতি অডিটোরিয়ামে দিনব্যাপী ‘বঙ্গবন্ধুর জীবন ও কর্মভিত্তিক’ চিত্র প্রদর্শনী আয়োজন করেন।

প্রদর্শনীতে ময়মনসিংহ বিভাগে বঙ্গবন্ধুর সফরের ওপর তৎকালে প্রকাশিত বিভিন্ন দৈনিক পত্রিকার নিউজ, ছবি ইত্যাদির বিরল সংগ্রহ স্থান পায়। এছাড়া বঙ্গবন্ধুর কর্মময় জীবনের ওপর গুরুত্বপূর্ণ ছবি প্রদর্শন করা হয়। গৃহায়ণ ও গণপূর্ত প্রতিমন্ত্রী শরীফ আহমেদ এমপি, ময়মনসিংহ বিভাগীয় কমিশনার উম্মে সালমা তানজিয়া, রেঞ্জ ডিআইজি দেবদাস ভট্টাচার্য্য, জেলা প্রশাসক মোঃ মোস্তাফিজার রহমান, পুলিশ সুপার মাছুম আহাম্মদ ভূঞাসহ বিভাগীয় ও জেলা প্রশাসনের কর্মকর্তারা প্রদর্শনী পরিদর্শন করেন।

পরিদর্শনকালে গণপূর্ত প্রতিমন্ত্রী বলেন, নতুন প্রজন্মসহ সকল মানুষ এই প্রদর্শনীর মাধ্যমে বঙ্গবন্ধুর এ অঞ্চলে সফর নিয়ে নতুন করে তথ্য জানতে পারবে।

বিভাগীয় কমিশনার উম্মে সালমা তানজিয়া বলেন, বঙ্গবন্ধু অনেকবার ময়মনসিংহ সফর করেছেন। তৎকালের সংবাদপত্র পেয়ে মানুষ প্রকৃত ইতিহাস জানতে পারবে। বঙ্গবন্ধুর জীবনের দুর্লভ চিত্রগুলো দ্বারা দেয়াল প্রদর্শনীর খুবই প্রশংসা করেন তিনি। বঙ্গবন্ধুর স্মরণে জাতীয় শোক দিবস ১৫ আগস্টে এ ধরনের আয়োজনের জন্য ময়মনসিংহ পিআইডি কে ধন্যবাদ জ্ঞাপন করেন বিভাগীয় কমিশনার। রেঞ্জ ডিআইজি এ প্রদর্শনীকে বিরল সংগ্রহ হিসেবে উল্লেখ করেন।

এ দিবসকে কেন্দ্র করে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধুর ওপর নির্মিত দুস্প্রাপ্য প্রায় ৭০টি জীবনীআলোকচিত্র আলোচনা অনুষ্ঠান সংলগ্ন মিলনায়তনের করিডোরের দেয়ালে প্রদর্শন করা হয়। আঞ্চলিক তথ্য অফিসের উপপ্রধান তথ্য অফিসার জনাব মোহাম্মদ ওমর ফারুক দেওয়ান অতিথি ও দর্শনার্থীদের মাঝে বিভিন্ন ছবির গুরুত্ব তুলে ধরেন। প্রদর্শনী দেখতে বিভিন্ন স্কুল কলেজের শিক্ষার্থীরা ভিড় জমায়। এসব ছবি দেখে মুক্তিযোদ্ধারা আবেগাপ্লুত হয়ে পড়েন। প্রদর্শনী বিকাল পর্যন্ত সকলের জন্য উন্মুক্ত রাখা হয়।

#

দেওয়ান/মনির/রিদওয়ান/সজিব/২০২৩/১৬:৩০ ঘণ্টা